



তথ্যবিবরণী

নম্বর-১৬৪

রুয়েটে জুলাই বিপ্লব স্মরণে আয়োজিত তারুণ্যের উৎসব উদ্বোধন

রাজশাহী; ২৮ পৌষ (১২ জানুয়ারি):

আজ রবিবার (১২ জানুয়ারি) সকালে শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ সহকারী অধ্যাপক ড. এম. আমিনুল ইসলাম শহীদ মিনার প্রাঙ্গনে বেলুন ও ফেস্টুন উড়িয়ে জুলাই বিপ্লব স্মরণে আয়োজিত তারুণ্যের উৎসবের উদ্বোধন করেন। উদ্বোধন শেষে তারুণ্যের উৎসবের অংশ হিসেবে সাধারণ শিক্ষার্থীদের জন্য চিত্রাঙ্কন প্রতিযোগিতা, গল্প লেখা প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনীসহ নানা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এছাড়াও বিনামূল্যে রক্ত দান ও দন্ত চিকিৎসার ব্যবস্থা করে রুয়েট প্রশাসন।

দুপুরে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (রুয়েট) শিক্ষকদের সাথে আয়োজিত এক মতবিনিময় সভায় শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ সহকারী অধ্যাপক ড. এম. আমিনুল ইসলাম প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

প্রধান অতিথির বক্তৃতায় ড. এম. আমিনুল ইসলাম বলেন, দেশের সকল শিক্ষার্থীর মধ্যে মূল্যবোধ, নৈতিকতা এবং দেশপ্রেম গড়ে তোলার জন্য স্কুলের প্রথম শ্রেণি থেকে দশম শ্রেণির পাঠ্যপুস্তকে এই বিষয়গুলো অন্তর্ভুক্ত করার জন্য অন্তর্বর্তীকালীন সরকার কাজ করে যাচ্ছে।

তিনি বলেন, চতুর্থ ইন্ডাস্ট্রিয়াল রেভুলেশন শেষে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স এর মাধ্যমে পঞ্চম ইন্ডাস্ট্রিয়াল রেভুলেশন উন্নত দেশগুলোতে শুরু হয়েছে। আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতেও এআই বিষয়ে শিক্ষাদান ও এটা চর্চার ক্ষেত্র প্রস্তুত করতে হবে। পাশাপাশি রোবোটিক বিষয়েও উন্নতি সাধনের জন্য তিনি গুরুত্বারোপ করেন।

প্রধান অতিথি আরও বলেন, বিগত সরকার অবাধ দুর্নীতি ও লুটপাটের মাধ্যমে দেশের অর্থনীতিকে পঙ্গু করেছে। অন্তর্বর্তীকালীন সরকার ভঙ্গুর অর্থনীতিকে চাঙ্গা করতে নানা উদ্যোগ অব্যাহত রেখেছে। এই সরকার আগামী সরকারের জন্য একটা মজবুত অর্থনীতি রেখে যাবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

সভায় সভাপতির বক্তব্যে রুয়েট উপাচার্য অধ্যাপক ড. এস. এম. আব্দুর রাজ্জাক বলেন, বেতন-ভাতা ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ অবহেলা ও বঞ্চনার শিকার হয়ে আসছেন। তিনি শিক্ষকদের জন্য স্বতন্ত্র পে-স্কেল বাস্তবায়ন করার জন্য সরকারের প্রতি জোর দাবী জানান।

মতবিনিময় সভায় স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলোজী এর পরিচালক অধ্যাপক ড. মো. শহীদ উজ্জামান ও ছাত্রকল্যাণ দপ্তরের পরিচালক অধ্যাপক ড. মো. রবিউল ইসলাম সরকার। উক্ত সভায় বিভিন্ন বিভাগের শিক্ষকরা গবেষণা খাতে বাজেট বৃদ্ধিসহ শিক্ষকদের মর্যাদা বৃদ্ধির জন্য সরকারকে কার্যকরী উদ্যোগ নেয়ার আহ্বান জানান। মতবিনিময় সভায় সকল বিভাগের শিক্ষকগণ স্বতঃস্ফূর্তভাবে অংশ নেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৫/১৭:০০ ঘ.